

১৬২০১



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/১৬৬৬/নাটোর-৫৪/

তারিখঃ ০২.০৭.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ** মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

**সূত্র:** রিট পিটিশন নং-১৫২৮১/২০১৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন ঝাউপাড়া দাখিল মাদ্রাসার বিগত এডহক কমিটির সভাপতি জনাব মো: আবু বকর সিদ্দিক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন-১৫২৮১/২০১৮ দায়ের করেন। নথি পর্যালোচনায় দেখা যায়, বিগত এডহক কমিটির মেয়াদ ২৫/০২/২০১৮ তারিখে শেষ হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত কমিটির জন্য প্রয়োজনীয় ব্যবস্থার উদ্যোগ গ্রহণ করলেও স্থানীয় রাজনৈতিক কোন্দল ও প্রভাবশালী মহলের হস্তক্ষেপে সঠিক সময় নিয়মিত কমিটির কাগজপত্র দাখিল করতে পারেনি মর্মে সুপার উল্লেখ করেছেন। অপরদিকে বিগত কমিটির সভাপতি বলেন-ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ৩০/০১/২০১৮ তারিখে নির্বাচনের তফসিল ঘোষণা করা হয় এবং ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য অত্র বোর্ডে আবেদন করা হয়। উল্লেখ্য, সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটির অনুমোদনের জন্য মাদ্রাসা প্রধান কর্তৃক অনলাইনে কাগজপত্র দাখিল করা হয়নি।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ১১/০৭/২০১৯ ইং রোজ বৃহস্পতিবার সকাল: ১০:০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০২.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

- ১। সুপার, ঝাউপাড়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: পাটপাড়া, উপজেলা: গুরুদাসপুর, জেলা: নাটোর।
- ২। মো: আবু বকর (প্রাক্তন সভাপতি), সিদ্দিক, ঝাউপাড়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: পাটপাড়া, উপজেলা: গুরুদাসপুর, জেলা: নাটোর।

নং-বামাশিবো/প্রশাসন/১৬৬৬/নাটোর-৫৪/

তারিখঃ ০২.০৭.২০১৯খ্রিঃ

অনুলিপি

১. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
২. অফিস কপি।

মোঃ ওমর কারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ১৬৭৪৮৭৪